

রমাযানের ফাযায়েল ও রোযার মাসায়েল

বিভাগ/অধ্যায়ঃ দ্বাদশ অধ্যায়- ঈদ ও তার বিভিন্ন আহকাম রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

ঈদের নামাযের জন্য আযান ও ইকামত

ঈদের নামাযের জন্য আযান ও ইকামত নেই। তার জন্য (সূর্য-গ্রহণের নামাযের মত) 'আস্-সালাতু জামেআহ' বা অন্য কিছু বলে আহবানও নেই। বরং মহানবী (সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম) যখন ঈদগাহে উপস্থিত হতেন, তখন নামায শুরু করতেন। ইবনে আববাস (রাঃ) ও জাবের (রাঃ) বলেন, '(রসূল (সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম)-এর যুগে) ঈদুল ফিত্র বা ঈদুল আযহার নামাযের জন্য আযান দেওয়া হত না।'[1] জাবের বিন সামুরাহ (রাঃ) বলেন, 'আমি আল্লাহর রসূল (সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম)-এর সাথে এক-দুইবারের অধিক উভয় ঈদের নামায বিনা আযান ও ইকামতে পড়েছি।'[2]

ফুটনোট

- [1] (বুখারী ৯৬০, মুসলিম ৮৮৬নং)
- [2] (মুসলিম ৮৮৭, আবূ দাউদ ১১৪৮, তিরমিযী ৫৩২নং)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=4148

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন